নিম্নলিখিত প্রস্তাবটি 17 এপ্রিল 2019 তারিখে স্বাস্থ্য বোর্ড দ্বারা গৃহীত হয় এবং নিউ ইয়র্ক শহরের প্রশাসনিক কোডের §17-148 অনুসারে প্রকাশিত হবে।

স্বাস্থ্য বোর্ডের রেজোলিউশন
স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (Department of Health and Mental Hygiene)
নিউ ইয়র্ক সিটির

17 এপ্রিল 2019 তারিখে স্বাস্থ্য বোর্ডের স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের একটি সভায় নিম্নলিখিত প্রস্তাবটি গৃহীত হয়:

যেখানে, নিউ ইয়র্কের ব্রুকলিনের উইলিয়ামসবার্গের এলাকায় বসবাসকারী মানুষের মধ্যে হামের সক্রিয় প্রাদুর্ভাব রয়েছে যারা জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 ("প্রভাবিত জিপ কোডগুলি") এর মধ্যে বসবাস করেন; এবং

যেখানে, 09 এপ্রিল 2019 এ স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের কমিশনার নির্ধারন করেন যে উইলিয়ামসবার্গের এলাকায় হামের প্রাদুর্ভাব থেকে জনসাধারণকে রক্ষা করার জন্য জরুরি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন এবং জনস্বাস্থ্যের জরুরি অবস্থা ঘোষণা করেন; এবং

যেখানে, স্বাস্থ্য কোড §3.01 এর অধীনে তার কর্তৃত্ব অনুসারে, কমিশনার আদেশ দেন যে, যে কেউ যারা প্রভাবিত জিপ কোডগুলিতে বসবাস করেন বা কাজ করেন এবং ছয় মাস বা তার বেশি বয়সী যে কোনও শিশু যে এই প্রভাবিত জিপ কোডগুলির যে কোনোটিতে বসবাস করে বা কাজ করে, তাদের হামের বিরুদ্ধে টিকা নিতে হবে; এবং

যেখানে, আদেশটি একজন নাগরিকের উপর সিভিল জরিমানা আরোপ করে, যদি না সেই ব্যক্তি, বা বাচ্চার ক্ষেত্রে, তার বাবা-মা বা অভিভাবক, বিভাগকে সন্তুষ্ট করার মত প্রদর্শন করতে পারেন যে তার এই রোগের প্রতি অনাক্রম্যতা আছে অথবা এমন দলিলাদি আছে যা সমর্থন করে যে সেই ব্যক্তিকে এই বাধ্যবাধকতা থেকে চিকিত্সাগতভাবে ছাড় দেওয়া উচিৎ; এবং

যেখানে, হেলথ কোড §3.01 অনুসারে, কমিশনার কর্তৃক জারি করা আদেশটি শুধুমাত্র স্বাস্থ্য বোর্ডের মিলিত হচ্ছে এবং কমিশনারের কতৃত্বের অনুশীলন অবিরত রাখছে অথবা তা খারিজ করছে; এবং

যেখানে, স্বাস্থ্য বোর্ড তার নথিতে এমন রিপোর্ট গ্রহণ করেছেন যে 2018 সালের সেপ্টেম্বর থেকে নিউ ইয়র্ক শহরে 300টিরও বেশি হামে আক্রান্ত হবার ঘটনা নথিভুক্ত করা হয়েছে, যার মধ্যে সিংহভাগ প্রভাবিত জিপ কোডগুলিতে বসবাসরত ব্যক্তিদের মধ্যে এবং নতুন হাম সংক্রমণের ঘটনা এখনও বিপজ্জনক হারে ঘটে চলেছে; এবং

যেখানে, হাম একটি অত্যন্ত সংক্রামক ভাইরাল রোগ যা নিউমোনিয়া, এনসেফালাইটিস (মস্তিষ্ক ফুলে ওঠা) এবং মৃত্যুর মতো গুরুতর স্বাস্থ্যের জটিলতা সৃষ্টি করতে পারে। প্রায় এক তৃতীয়াংশ হাম সংক্রমণের ঘটনায় অন্তত একটি জটিলতা থাকে। হাম সব বয়সের গোষ্ঠীতেই গুরুতর হতে পারে। কিন্তু

শিশু, ছোট বাচ্চারা, গর্ভবতী ব্যক্তি, যাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল এবং প্রাপ্তবয়স্করা হাম সম্পর্কিত জটিলতার শিকার হতে পারেন; এবং

যেখানে, হামের সংক্রমণ সহজেই অসুস্থ ব্যক্তির কাছ থেকে যাদের রোগ প্রতিরোধ ক্ষমতার অভাব রয়েছে, তাদের মধ্যে ঘটে। ভাইরাসটি বায়ুতে বা কোনো পৃষ্ঠতলে দুই ঘন্টা অবধি বাঁচতে পারে যেখানে কোন সংক্রামিত ব্যক্তি কেশেছেন বা হেঁচেছেন, যাদের রোগ প্রতিরোধে ক্ষমতার অভাব রয়েছে তাদের অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা খুব বেশি থাকে যদি আক্রান্ত ব্যক্তির সংযুক্ত থাকেন অথবা তিনি সম্প্রতি যেখানে ছিলেন তার কাছাকাছি থাকেন; এবং

যেখানে, যদিও, যদিও হাম অত্যন্ত সংক্রামক, মিজলস-মাম্পস-রুবেলা (MMR) টিকা একটি প্রমাণিত নিরাপদ এবং কার্যকর টিকা যা তার সংক্রমণ প্রতিরোধ করবে। বিশ্বের কিছু অংশে যেখানে হামের টিকা পাওয়া যায় না সেখানে হাম অল্পবয়স্ক শিশুদের মৃত্যুর প্রধান কারণগুলির মধ্যে একটি রয়ে গেছে, তবে আমেরিকাতে এই প্রাদুর্ভাবের আগে অবধি রোগটি নির্মূল হয়ে ছিল; এবং

যেখানে, উইলিয়ামসবার্গে প্রভাবিত জিপ কোডগুলির মধ্যে বসবাসকারী মানুষদের মধ্যে এক উচ্চহারের মানুষের টিকা নেওয়া নেই হামের বিরুদ্ধে, তাই স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের অন্যান্য প্রচেষ্টাগুলি সত্ত্বেও উইলিয়ামসবার্গে হামের প্রাদুর্ভাব অব্যাহত রয়েছে, যার মধ্যে সেই সকল শিশুরা রয়েছে যারা আদেশ অনুসারে প্রিস্কুল এবং ডেকেয়ার প্রোগ্রামে উপস্থিত থাকা থেকে ছাড়প্রাপ্ত; এবং

যেখানে, স্বাস্থ্য বোর্ড উপরোক্ত 300টিরও বেশি হামে আক্রান্ত হবার ঘটনাকে উইলিয়ামসবার্গে হামের প্রাদুর্ভাব ঘটছে এমন ঘোষণার অনুমোদন দেওয়ার জন্য পর্যাপ্ত প্রমাণ হিসাবে হণ্য করেছে, যা নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে বিপন্ন করে এবং মনুষ্য জীবনের জন্য বিপজ্জনক এবং একটি সর্বজনীন উপদ্রব; এবং

যেখানে, প্রাদুর্ভাব ঘটার কারণ হল প্রভাবিত জিপ কোডগুলিতে বসবাসকারী বিপুল সংখ্যক মানুষকে হামের বিরুদ্ধে টিকা দেওয়া হয়নি; এবং

যেখানে, প্রাদুর্ভাব শেষ করার একমাত্র উপায় হল যে প্রভাবিত জিপ কোডগুলিতে বসবাসকারী, কর্মরত বা স্কুলে উপস্থিত ব্যক্তিদের টিকা দেওয়া বা অন্যথায়, তাদের হামের বিরুদ্ধে অনাক্রম্যতা থাকা; এবং

যেখানে, নিউ ইয়র্ক শহরের প্রশাসনিক কোডের §17-148 এর উপ-বিভাগ (a) বা (b) অনুসারে ব্যক্তিগত পরিষেবা বা পরিষেবা যাতে এই ধরনের উপদ্রব এবং অবস্থাকে প্রশমিত করে যা সেই সব মানুষের জীবন ও স্বাস্থ্যকে বিপন্ন করে যাদের নিউ ইয়র্কের প্রশাসনিক কোডের টাইটেল 17 এর বিধান অনুযায়ী, এই ধরনের উপদ্রব ও অবস্থা হ্রাস করার দায়িত্ব বা দায় রয়েছে, যার ফলে জনস্বাস্থ্য, কল্যাণ ও নিরাপত্তার ক্ষেত্রে অনিষ্টকর হবে; অতএব, এখন,

প্রস্তাবিত, যে স্বাস্থ্য বোর্ড এতদ্বারা ঘোষণা করছে যে উইলিয়ামসবার্গ এলাকায় হামের প্রাদুর্ভাব চলছে এবং এই প্রাদুর্ভাব সর্বজনীন উপদ্রব তৈরি করেছে কারণ এটি জীবন ও স্বাস্থ্যের জন্য সরাসরি বিপজ্জনক; এবং আরো

প্রস্তাবিত যে, স্বাস্থ্য বোর্ড এতদ্বারা ঘোষণা করছে যে প্রভাবিত জিপ কোডগুলির মধ্যে বসবাসকারী বা কর্মরত কোনও ব্যক্তিকে হামের টিকা দেওয়া হবে যদি না সেই ব্যক্তি বিভাগের সন্তুষ্টি অনুযায়ী এই রোগের প্রতি অনাক্রম্যতা প্রদর্শন করতে পারে বা দলিলাদি পেশ করতে পারে যে সেই ব্যক্তিটিকে চিকিৎসাগতভাবে ছাড় দেওয়া উচিত এই আবশ্যকতা থেকে; এবং আরো

প্রস্তাবিত, ছয় মাস বা তার বেশি বয়সী কোনও শিশুর বাবা-মা বা অভিভাবক যে প্রভাবিত জিপ কোডগুলির মধ্যে স্কুল, প্রিস্কুল বা শিশু পরিচর্যায় উপস্থিত থাকছে অথবা বসবাস করছে এবং যে MMR টিকা পায়নি, তারা তাদের শিশুদের টিকা দেওয়াবেন, যদি না সেই বাবা-মা বা অভিভাবক এই বিভাগের সন্তুষ্টি অনুযায়ী প্রদর্শন করতে পারেন যে শিশুটির এই রোগের প্রতি অনাক্রম্যতা রয়েছে অথবা বিভাগের সন্তুষ্টি অনুযায়ী প্রদর্শন করতে পারে যে সেই শিশুটিকে এই আবশ্যকতা থেকে চিকিত্সাগতভাবে ছাড় দেওয়া উচিৎ; এবং আরো

প্রস্তাবিত যে, এই ঘোষণার দ্বারা টিকাকরণ করা আবশ্যক কোন ব্যক্তিকে বা কোন বাবা-মা বা অভিভাবক যাদের বাচ্চাকে টিকা দেওয়া আবশ্যক, তারা এই আদেশটি লঙ্ঘন করবেন এবং প্রযোজ্য আইন, নিয়ম এবং বিধান দ্বারা অনুমোদিত জরিমানাসমূহ তাদের উপর প্রয়োগ করা হতে পারে সেই সকল দিনের প্রতিটির জন্য যখন সে বা সেই শিশুটি প্রভাবিত জিপ কোডগুলিতে বসবাস করে, স্কুলে, প্রিস্কুলে বা শিশু পরিচর্যায় উপস্থিত হয় হামের বিরুদ্ধে টিকা না নিয়ে, যতদিন না পর্যন্ত স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগের কমিশনার ঘোষণা করছেন যে প্রাদুর্ভাবের অবসান ঘটেছে।

আরও **প্রস্তাবিত**, এই রেজোলিউশনটি অবিলম্বে কার্যকর হবে এবং এর প্রকাশনার নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক কোডের §17-148 অনুসারে হবে।

(17 এপ্রিল 2019 এ স্বাস্থ্য বোর্ড কর্তৃক গৃহীত)